

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৮৬

১৪/ দিয়াত বা রক্তপণ (ﷺ کتاب الدیات عن رسول الله) পরিচ্ছেদঃ ১. যে সংখ্যক উট দিয়াত হিসেবে প্রদান করতে হবে

باب مَا جَاءَ فِي الدِّيةِ كُمْ هِيَ مِنَ الإِبلِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ سَعِيدِ الْكِنْدِيُّ الْكُوفِيُّ، أَخْبَرَنَا ابْنُ أَبِي زَائِدَةَ، عَنِ الْحَجَّاجِ، عَنْ زَيْدِ بْنِ جَبَيْرٍ، عَنْ خِشْف بْنِ مَالِك، قَالَ سَمِعْتُ ابْنَ مَسْعُود، قَالَ قَضَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي دِيَةِ الْخَطَإِ عِشْرِينَ بِنْتَ مَخَاصٍ وَعِشْرِينَ بَنِي مَخَاصٍ ذُكُورًا وَعِشْرِينَ بِنْتَ لَبُونٍ وَعِشْرِينَ جَدَعَةً وَعِشْرِينَ جِقَّةً . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو . بِنْتَ لَبُونٍ وَعِشْرِينَ جَدَعَةً وَعِشْرِينَ حِقَّةً . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو . حَدَّثَنَا أَبُو هِشَامِ الرِّفَاعِيُّ، أَخْبَرَنَا ابْنُ أَبِي زَائِدَة، وَأَبُو خَالِدَ الأَحْمَرُ عَنِ الْمَجَّاجِ بْنِ مَرْفُوعًا إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَقَدْ رُوكِيَ عَنْ عَبْدِ اللَّهِ مَوْقُوفًا . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا وَهُو قَوْلُ أَحْمَدَ وَقَدْ رُوكِيَ عَنْ عَبْدِ اللَّهِ مَوْقُوفًا . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا وَهُو قَوْلُ أَحْمَدَ وَلَا الْكِيةِ وَرَأُونًا أَنَّ دِيَةَ الْخَطَإِ عَلَى الْعَلَمْ عِلَى أَنَّ الدَّيَة تُوْخَذُ فِي تَلاَثِ سِنِينَ فِي كُلِّ سَنَةٍ تُلْثُ الْدَيَةِ وَرَأُونًا أَنَّ دِيَةَ الْخَطَإِ عَلَى الْعَاقِلَةِ . وَرَأَى بَعْضُهُمْ أَنَّ الْعَلْمِ عَلَى الرَّجَل مِنْ قِبَلِ النِّسَاءِ وَالسَّافِعِيِّ . وَقَالَ بَعْضُهُمْ إِنَّمَا الدَّيَةُ عَلَى الرِّجَالِ دُونَ النِسَاءِ وَالصَبْبَيَانِ مِنَ الْعَصَابَةِ يُحَمَّلُ كُلُّ رَجُل مِنْهُمْ رُبُعَ دِينَارٍ . وَقَدْ قَالَ بَعْضُهُمْ إِلَى الْفَر إِلَى أَقْرُبِ الْقَائِلِ مِنْهُمْ وَلُهُ مَالِكَ وَالسَّافِعِيِّ . وَقَالَ بَعْضُهُمْ رَبُعَ دِينَارٍ . وَقَدْ قَالَ بَعْضُهُمْ إِلَى الْكَيْدِ وَالْمَ لِيْلِكَ وَالسَّاعِ مِنَ الْمُحْمَلُ الْمَلْ إِلَى أَقُرُبُ الْقَلْمَ لِلْكِ مِنْ الْفَائِلُ مِنْهُ مُلُولُ الْكَيْدُ وَالْ النَّيَةُ وَالْقَلَةُ وَالْ الْعَلْمُ وَالْ الْمُلْ الْكَيْدُ وَالْمَائِلُ مِنْهُ مُلُولُ وَلَالْ الْمَلْ الْكَلْ رَجُلُ مِنْهُ مُ لُكُولُ الْمُؤْلُ الْمَلْ الْعُلْ الْمُلْ الْمُؤْلِ الْمُؤْلِ الْمُؤْلُ الْمُؤْلِ إِلَى الْقَالِهُ وَلَالْمُ الْمُؤْلُ الْمُؤْلُ الْمُلْ الْمُؤْلِ إِلَى الْمُؤْلُ الْمُؤْلُ الْمُؤْلُ الْمُ

বাংলা

১৩৮৬। খিশফ ইবনু মালিক (রহঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেছেন, আমি ইবনু মাসউদ (রাঃ)-কে বলতে শুনেছিঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভুলবশত হত্যার দিয়াত নিম্নোক্ত বয়সের এক শত উট নির্ধারণ করেছেনঃ দ্বিতীয় বছরে পদার্পণকারী বিশটি উদ্রী ও বিশটি উট, তৃতীয় বছরে পদার্পণকারী বিশটি উদ্রী, চতুর্থ বছরে পদার্পণকারী বিশটি উদ্রী এবং পঞ্চম বছরে পদার্পণকারী বিশটি উদ্রী।

যঈফ, ইবনু মাজাহ (২৬৩১)



এ অনুচ্ছেদে আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবূ হিশাম রিফাঈ-ইবনু আবূ যায়িদা ও আবূ খালিদ আল-আহমার হতে তারা উভয়ে আল-হাজ্জাজ ইবনু আরতাত সুত্রে একই রকম বর্ণনা করেছেন। আবূ ঈসা বলেন, আমরা শুধু উল্লেখিত সনদ সূত্রেই আবদুল্লাহ ইবনু মাসউদের হাদীসটি মারফু হিসেবে পেয়েছি। আবদুল্লাহ (রাঃ) হতে মাওকৃফ হিসেবেও হাদীসটি বর্ণিত হয়েছে।

একদল আলিম এ হাদীস অনুযায়ী আমল করেছেন। ইমাম আহমাদ ও ইসহাকেরও এই মত। দিয়াতের অর্থ তিন বছরে তিন কিন্তিতে পরিশোধযোগ্য। প্রত্যেক বছর মোট অংশের এক-তৃতীয়াংশ করে পরিশোধ করতে হবে। এ ব্যাপারে আলিমদের মাঝে ঐকমত্য আছে। তারা আরো বলেছেন, ভুল বশতঃ হত্যার দায়ে আকিলার উপর দিয়াত পরিশোধের দায়িত্ব চেপে যায়। তাদের কেউ কেউ বলেছেনঃ কোন ব্যক্তির পিতৃকূলের আত্মীয়কে আকিলা বলে। ইমাম মালিক ও শাফিঈর এই মত।

অপর দল বলেছেন, দিয়াত শুধু পুরুষদের উপর ধার্য হয়, স্ত্রীলোক ও বালকদের উপর ধার্য হয় না। তাদের প্রত্যেকে এক দীনারের এক-চতুর্থাংশ পরিমাণ দায় বহন করবে। কেউ কেউ অর্ধ দীনারের কথা বলেছেন। এভাবে দিয়াতের সম্পূর্ণ অর্থ সংগ্রহ হয়ে গেলে তো ভাল, অন্যথায় দেখতে হবে তাদের নিকটাত্মীয় গোত্র আছে কি-না, থাকলে অবশিষ্ট দিয়াত তাদের উপর চাপানো হবে।

English

Narrated Ibn Mas'ud:

"The Messenger of Allah (ﷺ) judged for the accidental blood-Money: Twenty Bint Makhad, twenty make Ibn Makhad, twenty Bint Labunm twenty Jadha'ah, and twenty Hiqqah. (Another chain) with similar meaning.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন